# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের পর সালাত আদায় করার ব্যাপারে যে হুশিয়ারী এর দ্বারা সব ধরণের সালাত উদ্দেশ্য নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الزَّجْرَ عَنِ الصَّلَاةِ بَعْدَ الْغَدَاةِ لَمْ يُرِدْ بِهِ جَمِيعُ الصَّلَوَاتِ

আরবী

1561 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَوَصِيفُ بْنُ عَبْدِ اللَّهِ الْحَافِظُ بِأَنْطَاكِيَةَ قَالَا: حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا أَسَدُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَيْسِ بْنِ قَهْدٍ:

أَنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصُّبْحَ وَلَمْ يَكُنْ رَكَعَ رَكْعَتَيِ الْفَجْرِ فَلَمَّا سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قام يَرْكَعُ رَكْعَتَيِ الْفَجْرِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْظُرُ إِلَيْهِ فَلَمْ يُنكر ذَلِكَ عَلَيْهِ.

الراوي : قَيْس بْن قَهْد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1561 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (1150)، ((المشكاة)) (1044).

বাংলা

১৫৬১. কাইস বিন কাহদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ফজরের সালাত আদায় করেছেন এমন অবস্থায় যে তিনি ফজরের দুই রাকা‘আত সালাত আদায় করেননি। অতঃপর যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাম ফিরান, তখন তিনি দাঁড়িয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে তাকিয়ে দেখছিলেন। কিন্তু তিনি কোন প্রতিবাদ করেননি।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪০১৬; মুসনাদ আহমাহ: ৫/৪৪৭; আবূ দাউদ: ১২৬৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১১১৬; হাকিম: ১/২৭৫; সুনান বাইহাকী: ২/৪৮৩; তিরমিযী: ৪২২; ইবনু মাজাহ: ১১৫৪; হুমাইদী: ৮৬৮; তাবারানী: ১৮/৯৩৮; দারাকুতনী: ১/৩৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কাইস বিন কাহদ (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90876

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন